# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নারায়ণগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।
www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.৬৭০০.৩০১.৩৮.০০০৩.২৫-৭২৪ তারিখ: ১৭-০৪-২০২৫ খ্রিঃ।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২৫

<table>
<tr><td>১.</td><td>মন্ত্রণালয়</td><td>:</td><td>পানি সম্পদ মন্ত্রণালয়</td></tr>
<tr><td>২.</td><td>এজেন্সী/সংস্থা</td><td>:</td><td>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</td></tr>
<tr><td>৩.</td><td>নিলামকারীর দপ্তর</td><td>:</td><td>নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ</td></tr>
<tr><td>৪.</td><td>নিলামকারী জেলা</td><td>:</td><td>নারায়ণগঞ্জ</td></tr>
<tr><td>৫.</td><td>নিলামে বিক্রয় যোগ্য মালামাল এর বিবরন (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে এবং তফশীলের সাথে সংযুক্ত "নিলাম দরপত্রের শর্তাবলী" মোতাবেক)</td><td>:</td><td>
<table>
<tr><th>প্যাকেজ নং</th><th>মালামাল/সরঞ্জামের বিবরণ</th><th>অবস্থান</th></tr>
<tr><td>নিলাম (ক)/ ২০২৪-২৫</td><td>৩টি ড্রেজার (এসডি যমুনা-১২", এসডি কর্ণফুলী-১২" ও এসডি চন্দনা-১২")</td><td rowspan="3">ড্রেজার বেইজ, বাপাউবো, নারায়ণগঞ্জ</td></tr>
<tr><td>নিলাম (খ)/ ২০২৪-২৫</td><td>১৩টি হাউজবোট (হাউজবোট এসডি কর্ণফুলী-১২", হাউজবোট এসডি চন্দনা-১২", হাউজবোট এসডি যমুনা-১২" , হাউজবোট এসডি আত্রাই-১২", হাউজবোট এসডি কুশিয়ারা-১২", হাউজবোট এসডি সুরমা-১২" হাউজবোট এসডি হরিণঘাটা-১২", হাউজবোট এসডি কির্তিনাশা-১২", হাউজবোট এসডি গোমতি-১২", হাউজবোট এসডি ভৈরব-১২", হাউজবোট এসডি বংশী-১২", হাউজবোট এসডি দুধকুমার-১৮" ও হাউজবোট এসডি হালদা-১৮")</td></tr>
<tr><td>নিলাম (গ)/ ২০২৪-২৫</td><td>৪টি টাগবোট (টাগবোট-০১, টাগবোট-০৩, টাগবোট-০৪, টাগবোট-০৬), ১টি এ্যাংকর বার্জ (এ্যাংকর বার্জ-০৪) ও ২টি জাহাজ (মলিয়ন জাহাজ ও প্রমদতরী শিপসা)</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৬.</td><td>নিলাম মালামাল (Auction materials) সরেজমিনে যাঁচাই করণ</td><td>:</td><td>নিলাম দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের পর হতে দরপত্র দাখিলের পূর্ব দিন (সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিন ছাড়া অফিস চলাকালীন সময়) পর্যন্ত।</td></tr>
<tr><td>৭.</td><td>নিলামে অংশ গ্রহণের যোগ্যতা</td><td>:</td><td>বাপাউবোর্ডের ঠিকাদার/প্রতিষ্ঠিত ব্যবসায়ী প্রতিষ্ঠান/উপযুক্ত আগ্রহী ব্যক্তি/ক্রেতা</td></tr>
<tr><td>৮.</td><td>নিলাম দরপত্র দলিলের ক্রয় মূল্য</td><td>:</td><td>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্যাকেজ নং</th><th>দরপত্র দলিলের ক্রয়মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১।</td><td>নিলাম (ক)/২০২৪-২৫</td><td>৫,০০০.০০ (পাঁচ হাজার)</td><td rowspan="3">অফেরৎ যোগ্য</td></tr>
<tr><td>২।</td><td>নিলাম (খ)/২০২৪-২৫</td><td>১,০০০.০০ (এক হাজার)</td></tr>
<tr><td>৩।</td><td>নিলাম (গ)/২০২৪-২৫</td><td>৭৫০.০০ (সাতশত পঞ্চাশ)</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৯.</td><td>নিলাম দরপত্র দলিলের বিক্রয় স্থান</td><td>:</td><td>১। জনতা ব্যাংক লিঃ, ড্রেজার সংস্থা শাখা, কিল্লারপুল, নারায়ণগঞ্জ।<br>২। জনতা ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ২৯ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।</td></tr>
<tr><td>১০.</td><td>নিলাম দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ</td><td>:</td><td>১৮-০৫-২০২৫খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।</td></tr>
<tr><td>১১.</td><td>নিলাম দরপত্র দলিল দাখিলের স্থান</td><td>:</td><td>১। নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ ।<br>২। পুলিশ সুপার এর দপ্তর, নারায়ণগঞ্জ।<br>৩। পুলিশ কমিশনারের কার্যালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।</td></tr>
<tr><td>১২.</td><td>নিলাম দরপত্র দলিল গ্রহণের তারিখ ও সময়</td><td>:</td><td>১৯-০৫-২০২৫খ্রিঃ, বেলা ৯:০০-১২:০০ ঘটিকা পর্যন্ত।</td></tr>
<tr><td>১৩.</td><td>জামানত/বায়নার পরিমান</td><td>:</td><td>উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ) অগ্রিম হিসাবে এবং উক্ত ২৫% এর ১৫% ভ্যাট এবং ৫% অগ্রিম আয়কর হিসাবে পৃথক পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে "উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ" বরাবরে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।</td></tr>
<tr><td>১৪.</td><td>নিলাম দরপত্র দলিল খোলার তারিখ ও সময়</td><td>:</td><td>১৯-০৫-২০২৫খ্রিঃ, বেলা ১৪:০০ ঘটিকা। দরপত্র বাক্স দরদাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে খোলা হবে।</td></tr>
<tr><td>১৫.</td><td>বিশেষ নির্দেশনা</td><td>:</td><td>কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করেন।</td></tr>
</table>

Ahmed 17/04/2025

(তানভীর আহমেদ বারী)
আইডি নং-৯২০৪৩০০০১
নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
ফোন নং-০২২২৪৪২৭৫৯২
ই-মেইল-xen.dredger.narayanganj@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.৬৭০০.৩০১.৩৮.০০০৩.২৫-৭২৪ তারিখ: ১৭-০৪-২০২৫খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ/খুলনা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল/ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।

৩। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।

৫। পুলিশ কমিশনারের কার্যালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। (নিলাম দরপত্র উন্মুক্ত করনের দিন দরপত্র গ্রহণ এবং প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করনের জন্য অনুরোধসহ)

৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। (নিলাম দরপত্র উন্মুক্ত করনের দিন দরপত্র গ্রহণ এবং প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করনের জন্য অনুরোধসহ)

৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮। নির্বাহী প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ/ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ/চট্টগ্রাম ড্রেজার অপারেশন বিভাগ/মানিকগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/মানিকগঞ্জ।

৯। উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১০। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, ড্রেজার সংস্থা শাখা, কিল্লারপুল, নারায়ণগঞ্জ। উপরোক্ত স্মারক মোতাবেক (প্রতি প্যাকেজ ১০ (দশ) সেট করে মোট- ৩০ (ত্রিশ) সেট) নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হলো; যা আগামী **১৮-০৫-২০২৫খ্রিঃ** অফিস চলাকালীন সময় পর্যন্ত নোটিশে উল্লেখিত মূল্যে বিক্রয়ের জন্য অনুরোধ করা যাচ্ছে এবং বিক্রয়লব্ধ অর্থ **"উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ"** এর **সিডি হিসাব নং-০৩৪৪০৩২০০০০৩৫৬ (০১০০০৩৯৯২২৭৭৫-অনলাইন)** শাখায় স্থানান্তরের জন্য অনুরোধ করা হলো। দরপত্র দলিলের অতিরিক্ত চাহিদা (যদি থাকে) লিখিতভাবে নিম্ন-স্বাক্ষরকারীকে জানানোর জন্য এবং অবিক্রিত দলিল নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১১। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, দিলকুশা কর্পোরেট শাখা, ২৯ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। উপরোক্ত স্মারক মোতাবেক (প্রতি প্যাকেজ ১০ (দশ) সেট করে মোট- ৩০ (ত্রিশ) সেট) নিলাম দরপত্র দলিল প্রেরণ করা হলো; যা আগামী **১৮-০৫-২০২৫খ্রিঃ** অফিস চলাকালীন সময় পর্যন্ত নোটিশে উল্লেখিত মূল্যে বিক্রয়ের জন্য অনুরোধ করা যাচ্ছে এবং বিক্রয়লব্ধ অর্থ **"উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ"** এর **সিডি হিসাব নং-০৩৪৪০৩২০০০০৩৫৬ (০১০০০৩৯৯২২৭৭৫-অনলাইন)** শাখায় স্থানান্তরের জন্য অনুরোধ করা হলো। দরপত্র দলিলের অতিরিক্ত চাহিদা (যদি থাকে) লিখিতভাবে নিম্ন-স্বাক্ষরকারীকে জানানোর জন্য এবং অবিক্রিত দলিল নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১২। উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ড্রেজার অপারেশন উপ-বিভাগ-১, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১৩। সহকারী প্রকৌশলী, ড্রেজার অপারেশন উপ-বিভাগ-২, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট), ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।

১৬। জনাব ........................................................................................................

১৭। নোটিশ বোর্ড।

১৮। নথি।

Ahmed ১৭/০৪/২০২৫

(তানভীর আহমেদ বারী)
আইডি নং-৯২০৪৩০০০১
নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)।

# নিলাম দরপত্রের শর্তাবলী

০১। দরপত্রে বর্ণিত অকেজো ঘোষিত যন্ত্রাংশ/মালামাল **"যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে"** নিলাম বিক্রয়ের জন্য তফশীল যথাযথভাবে পূরণ করে সীল মোহরকৃত খামে "নিলাম দরপত্র" দাখিল করতে হবে। উল্লেখ্য, ড্রেজার, সহযোগী জলযান, হাউজবোট ও জাহাজের মেইন বডির বাহিরে অন্য কোন প্রকার অন্যান্য মালামাল অর্থাৎ সোর পাইপ, ফ্লোটার, হুজ পাইপ ইত্যাদি নিলামের অর্ন্তভূক্ত নয়।

০২। দাখিলকৃত খামের উপর দরপত্রের প্যাকেজ নং, দরদাতার স্বাক্ষর প্রদানপূর্বক দর দাতার নাম/বিবরনীসহ পূর্ণ ঠিকানা, মোবাইল ফোন/টেলিফোন নং (ই-মেইল এড্রেস যদি থাকে) সহ স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

০৩। উক্ত নিলাম দরপত্র আগামী **১৯-০৫-২০২৫খ্রিঃ তারিখে দুপুর ১২:০০ ঘটিকা** পর্যন্ত (ক) নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর দপ্তর; (খ) পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর দপ্তর এবং (গ) পুলিশ কমিশনারের কার্যালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে গৃহীত হবে এবং **১৯-০৫-২০২৫খ্রিঃ দুপুর ১৪:০০ ঘটিকায়** নিলাম দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিতি থাকেন) নিম্ন-স্বাক্ষরকারী'র দপ্তর কক্ষে প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ খোলা হবে।

০৪। (ক) উদ্ধৃত দর, নিলাম তফশীলের নির্দিষ্ট জায়গায় পরিষ্কারভাবে কথায় এবং অংকে উল্লেখ করতে হবে। কাটাকাটি বা অস্পষ্ট হলে পুনরায় লিখে স্বাক্ষর করতে হবে; অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে। কথায় ও অংকে লেখার মধ্যে পার্থক্য থাকলে কথায় লেখা সঠিক বলে ধরা হবে।

(খ) নিলাম দরপত্র দলিলের প্রতি পৃষ্ঠায় দরদাতাগণকে তারিখসহ স্বাক্ষর করতে হবে; অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিলাম তফশীলের নির্ধারিত স্থানে, দরদাতার স্বাক্ষর, নাম, বিস্তারিত ঠিকানা, টেলিফোন নম্বর ও অন্যান্য চাহিদামত তথ্যাদি লিখতে হবে।

(গ) দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স (যদি থাকে), টিন ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(ঘ) দরপত্র দলিলের সাথে প্রতিটি ড্রেজার আলাদাভাবে স্থানান্তরের সময় উল্লেখপূর্বক তফসিল দাখিল করতে হবে।

০৫। আগামী ১৮-০৫-২০২৫খ্রিঃ তারিখের মধ্যে তফশীলে বর্ণিত ড্রেজার অফিস চলাকালীন সময়ে আগ্রহী ব্যক্তিগণ নিলাম সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী **জনাব মোঃ ইয়ার আলী মোল্যা (মোবাইলঃ ০১৭২৫-৫৯২৯৮৬)**, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর সাথে যোগাযোগ করতঃ নারায়ণগঞ্জ, ড্রেজার বেইজ এ নিলাম ঘোষিত ড্রেজার, সহযোগী জলযান, হাউজবোট ও জাহাজসমূহ সরেজমিনে পরিদর্শন করতে পারবে। এই ক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন এবং অফিস সময়ের (সকাল ৯:০০ হইতে বিকাল ৪:০০) আগে ও পরে কোন ক্রমেই যন্ত্রাংশ/মালামাল পরিদর্শন করার সুযোগ থাকবে না।

০৬। দরপত্রে উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ) অর্থ বায়না/জামানত হিসেবে এবং উদ্ধৃত দরের ২৫% এর ১৫% অর্থ ভ্যাট ও ৫% অর্থ অগ্রিম আয়কর হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে **"উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ"** এর অনুকূলে দরপত্রের সাথে আলাদাভাবে দাখিল করতে হবে। বায়না/জামানত এর পরিমান উদ্ধৃত দরের ২৫% এর কম হলে নিলাম দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। নিলাম দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়িত কৃতকার্য সর্বোচ দর দাতাকে কার্যাদেশ (NOA) প্রদান করা হবে এবং কার্যাদেশ (NOA) প্রদানের ১৪ (চৌদ্দ) কার্য দিবসের মধ্যে নিলাম দরপত্রে বর্ণিত যন্ত্রাংশ/মালামাল এর উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% মূল্য এবং উদ্ধৃত মূল্যের উপর রাজস্ব বোর্ডের বিধি মোতাবেক ৭৫% এর ১৫% ভ্যাট এবং ৫% অগ্রীম আয়কর অথবা ডেলিভারী গ্রহনের সময়ে রাজস্ব বোর্ডের এ সংক্রান্ত নুতন কোনরূপ ভ্যাট ও আয়কর বিধি আরোপিত হয় সেই মোতাবেক ভ্যাট ও আয়কর **"উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ"** এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নিম্ন স্বাক্ষরকারী'র দপ্তরে জমা প্রদান করতে হবে।

০৮। অনুচ্ছেদ-৭ মোতাবেক প্রাপ্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে নগদায়ন স্বাপেক্ষে যন্ত্রাংশ/মালামাল ডেলিভারী আদেশ প্রদান করা হবে এবং ডেলিভারী আদেশের ০১ (এক) মাসের মধ্যে অফিস চলাকালীন সময়ে "ডেলিভারী কমিটির" সদস্যগণের উপস্থিতিতে নিলামকৃত ড্রেজারসমূহ নিলাম গ্রহীতার সম্পূর্ন নিজ খরচে ডেলিভারী গ্রহন করতে হবে; অন্যথায় নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর ডেলিভারী আদেশ বাতিল করতঃ সমুদয় জমাকৃত অর্থ/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে।

০৯। কৃর্তকার্য দরদাতার অনুকুলে ডেলিভারী আদেশ প্রদানের পরই কেবলমাত্র অংশগ্রহণকারী অন্যান্য নিলাম দরদাতাগণের বায়না/জামানত ফেরৎ প্রদান করা হবে। এক্ষেত্রে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য নয়।

১০। ডেলিভারী গ্রহণের সময় নিরাপত্তা বিঘ্নিত অথবা পার্শ্বে রক্ষিত অন্যান্য চালু/অকেজো ড্রেজার/সহযোগী জলযান/যন্ত্রাংশ/মালামাল সমূহের কোন ক্ষতি সাধন হতে পারে এমন কোন কার্যক্রম করা যাবে না অথবা এমন কোন কাজ করা হলে কিংবা চেষ্টা করা হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে এবং ক্ষয়ক্ষতির যাবতীয় দায়ভার নিলাম গ্রহীতার উপরে বর্তাবে।

১১। শর্তযুক্ত কোন নিলাম দরপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা নিম্ন-স্বাক্ষরকারী সংরক্ষণ করবেন।

১৩। **কর্তৃপক্ষ উল্লেখিত শর্তাবলীর যে কোন ধরনের সংশোধন/সংযোজন** এর ক্ষমতা রাখে।

Ahmed 29/04/2025

**(তানভীর আহমেদ বারী)**
আইডি নং-৯২০৪৩০০০১
নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।